অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) নিউ ইয়র্কবাসীকে এই ছুটির কেনাকাটার মৌসুমে "থিঙ্ক বিগ, শপ স্মল" এর জন্য উৎসাহিত করেছেন

30 নভেম্বর, শনিবার, এবং সারা বছর স্থানীয় ব্যবসাগুলিকে সমর্থন করা হলে কমিউনিটি জোরদার হয় এবং স্থানীয় অর্থনীতির উন্নতি হয়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পুরো স্টেটে প্রাণবন্ত কমিউনিটি গঠন করতে নিউ ইয়র্ক স্টেটের (New York) ক্ষুদ্র ব্যবসাগুলি যে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে তা তুলে ধরে ছুটির কেনাকাটার মৌসুমে স্থানীয় ব্যবসাগুলিকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহ দিয়েছেন। পুরো স্টেটের স্থানীয় অর্থনীতিতে ক্ষুদ্র ব্যবসার গুরুত্বপূর্ণ প্রভাব উদযাপন করার জন্য 30 নভেম্বরে নিউ ইয়র্ক স্মল বিজনেস স্যাটারডে (Small Business Saturday) পালন করবে। এই দিনের সম্মানে। গভর্নর Hochul (হোকল) এই সুযোগে তুলে ধরেছেন যে কীভাবে স্থানীয় রিটেইলার, রেস্টুরেন্ট এবং সেবা প্রদানকারীদের বেছে নেওয়া হলে পুরো নিউ ইয়র্কের কমিউনিটিগুলিতে অর্থনৈতিক বিকাশের রিপল ইফেক্ট তৈরি হয়।

"একটি স্থানীয় দোকান বা পারিবারিক মালিকানার ব্যবসা থেকে প্রত্যেকবার কেনাকাটা করলে তা আমাদের এলাকায় একটি রিপল ইফেক্ট তৈরি করে, চাকরি ও সুযোগ তৈরি করে যা আমাদের কমিউনিটির ফ্যাব্রিককে জোরদার করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একটি ক্ষুদ্র ব্যবসার মালিকের মেয়ে হিসেবে আমি নিজের চোখে দেখেছি কীভাবে এই এন্টারপ্রাইজগুলি কমিউনিটির জীবনে নোঙ্গর হিসেবে কাজ করে। এই ছুটির মৌসুমে এবং স্মল বিজনেস স্যাটারডেতে স্থানীয়ভাবে কেনাকাটা করে নিজেদের কমিউনিটিতে বিনিয়োগ করার জন্য আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহ দিচ্ছি, কারণ তারা যদি এটি করে তাহলে আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলির উন্নতি হয়, পুরো নিউ ইয়র্কের উন্নতি হয়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "প্রতিটি উন্নত Main Street ক্ষুদ্র ব্যবসার সাফল্যের একটি গল্প বলে। স্থানীয় দোকানে কেনাকাটা করে আমরা এইসব ব্যবসাকে বেড়ে উঠার ক্ষমতা দেই, যা আমাদের এলাকাগুলিকে প্রাণবন্ত ও মজবুত করে রাখা নিশ্চিত করে। এই এন্টারপ্রাইজগুলি আমাদের অর্থনীতিকে সচল করারও থেকেও বড় কাজ করে, তারা কমবয়সীদের জন্য প্রথম চাকরি তৈরি করে, প্রত্যেক সেক্টরে আবিষ্কারের উৎসাহ দেয়, এবং আমাদের কমিউনিটির অনন্য চরিত্রকে ধরে রাখে। নিউ ইয়র্ক যাতে উদ্যোক্তাদের জন্য তাদের স্বপ্ন শুরু করা, বড় করা, এবং বাস্তব করার সেরা গন্তব্য হয়ে থাকতে পারে তা নিশ্চিত করার

জন্য টার্গেটেড বিনিয়োগ এবং কৌশলী সমর্থনের মাধ্যমে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের লেবার কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "ক্ষুদ্র ব্যবসা হলো নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক ইকোসিস্টেমের একটি অতি প্রয়োজনীয় অংশ। বিশ্বের অর্থনীতিতে উন্নতি করতে এই ব্যবসাগুলিকে সাহায্য করার জন্য ডিপার্টমেন্ট অফ লেবার (Department of Labor) ওয়ার্কফোর্স রিক্রুটমেন্ট থেকে শুরু করে ট্যাক্স ক্রেডিট এবং ইনসেনটিভ কাজে লাগানো পর্যন্ত অনেক মূল্যবান রিসোর্স দেয়। এই ছুটির মৌসুমে এবং এর পরেও পুরো স্টেটের কয়েক হাজার ক্ষুদ্র ব্যবসার কোনো একটিতে কেনাকাটা করার মাধ্যমে তাদের সমর্থন দেখানোর জন্য নিউ ইয়র্কবাসীদের আমি উৎসাহিত করছি।"

ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সের (Department of Taxation and Finance) ভারপ্রাপ্ত কমিশনার Amanda Hiller (আমান্ডা হিলার) বলেন, "শুধু এই উইকেন্ডে না, বরং সারা বছরই ক্ষুদ্র ব্যবসার মালিকেরা যে অবদান রাখে তার জন্য আমরা কৃতজ্ঞ। এটি আমাদের অর্থনীতির সবথেকে ডাইনামিক সেক্টর, নিউ ইয়র্ক স্টেট অনেক ধরণের ট্যাক্স ক্রেডিট এবং ইনসেনটিভ দিয়ে এই সেক্টরকে সমর্থন করে।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটের কৃষক এবং হুডির ব্যবসাগুলি সারা বছর পরিশ্রম করে সব উপলক্ষের উপযুক্ত মজাদার খাবার, অর্থপূর্ণ উপহার সামগ্রী, এবং মজার পানীয় তৈরি করে। যখন নিউ ইয়র্কবাসীরা এই ছুটির মৌসুমে এবং স্মল বিজনেস স্যাটারডেতে স্থানীয়ভাবে কেনাকাটা করবে, তখন তারা শুধু পরিশ্রমী মানুষের বানানো সেরা মাণের পণ্যে বিনিয়োগ করছে না,বা বরং তারা কৃষি অর্থনীতিকেও সমর্থন করছে।"

স্মল বিজনেস স্যাটারডে ক্ষুদ্র ব্যবসার মালিকদের আবিষ্কার ও নিবেদনের উদযাপন করে, ব্যস্ত ছুটির পুরো মৌসুমে স্থানীয় দোকান ও সেবা সমর্থন করার জন্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করে। পুরো স্টেটের সব ব্যবসার মধ্যে প্রায় 98 শতাংশ হলো ক্ষুদ্র ব্যবসা, অর্থাৎ 100-এর কম কর্মীসহ ব্যবসা, তারা প্রাইভেট সেক্টরের ওয়ার্কফোর্সের প্রায় 40 শতাংশকে চাকরি দেয়। নিউ ইয়র্কে শুধু রিটেইল সেক্টরেই 71,000টি দোকান আছে, এবং এর মধ্যে প্রায় 79 শতাংশ, অর্থাৎ প্রায় 55,000টি স্বাধীন স্থানীয় রিটেইলার। এই এন্টারপ্রাইজগুলি অতি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ইঞ্জিন, এবং 2023 সালে রিটেইল দোকানগুলি 40.1 বিলিয়ন মার্কিন ডলার বেতন দিয়েছে এবং 2024 সালে 507 বিলিয়ন মার্কিন ডলারের বিক্রি করেছে বলে অনুমান করা হচ্ছে, যার ফলে 20.3 বিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেটের সেলস ট্যাক্স রেভিনিউ পাওয়া গেছে। নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাগুলির মধ্যে 8.1 শতাংশ হলো রিটেইলার, যারা আমাদের স্থানীয় অর্থনীতির এটি অতি প্রয়োজনীয় অংশ কারণ তারা কমিউনিটির বিকাশ করে, এলাকার পরিচিতি তৈরি করে, এবং কয়েক বিলিয়ন মার্কিন ডলারকে আমাদের কমিউনিটির মধ্যেই সচল রাখে।

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে নিউ ইয়র্ক স্টেট উদ্যোগ ও প্রোগ্রামের একটি ডাইভার্স অ্যারের মাধ্যমে ক্ষুদ্র ব্যবসার বিকাশ ও সমৃদ্ধিকে অগ্রাধিকার দিয়ে চলেছে। দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর শুধু ক্ষুদ্র ব্যবসার জন্য অনেক প্রোগ্রাম শুরু করেছেন, উদ্যোক্তার পরিবেশ তৈরি, আবিষ্কারকে উৎসাহিত করা, এবং ক্ষুদ্র ব্যবসার কাছে যাতে সফল হওয়ার জন্য

প্রয়োজনীয় সমর্থন থাকে তা নিশ্চিত করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার অঙ্গীকার করেছেন।

কৌশলী বিনিয়োগ এবং এখনকার বাজারের চ্যালেঞ্জের সমাধান করে এমন আবিষ্কার সমর্থনের প্রোগ্রামের মাধ্যমে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ক্ষুদ্র ব্যবসাকে বিকাশের ক্ষমতা দিয়ে থাকে। উদ্যোক্তাদের ক্যাপিটাল পেতে এবং তাদের অপারেশন বাড়াতে সাহায্য করার জন্য স্টেটের Small Business Credit উদ্যোগের (State Small Business Credit Initiative, SSBCI) মাধ্যমে ESD প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার অঙ্গীকার করেছে। নিউ ইয়র্কের 26টি অন্ট্রাপ্রেনুরিয়াল অ্যাসিস্টেন্স সেন্টারের (Entrepreneurial Assistance Centers) নেটওয়ার্ক পুরো স্টেটে অতি প্রয়োজনীয় সার্পোট ও ট্রেনিং দেয়। পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট এর ডিজিটাল Business Express প্ল্যাটফর্মের মাধ্যমে রিসোর্সের অ্যাক্সেস পাওয়াকে আরো সহজ করেছে, উদ্যোক্তাদেরকে কয়েক মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের সুযোগ, ট্যাক্স ইনসেনটিভ, এবং স্টেটের প্রত্যেক অঞ্চলে আবিষ্কার সম্ভব করতে ও বিকাশের গতি বাড়াতে বিশেষ সহায়তায় প্রোগ্রামের সাথে যুক্ত করেছে। ESD-এর ক্ষুদ্র ব্যবসা এবং অন্যান্য প্রোগ্রাম সম্পর্কে esd.ny.gov-এ জানুন।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor, NYSDOL) সব আকারের ব্যবসার জন্য অনেক ধরণের বিনা খরচে সেবা দিয়ে থাকে, যেমন NYSDOL-এর ওয়েবসাইটে চাকরির পোস্টিং করা, আমাদের ট্যালেন্ট পুলের জন্য হাজার হাজার কোয়ালিফাইড ক্যান্ডিডেটকে অ্যাক্সেস দেওয়া, ক্যারিয়ার ফিয়ার এবং কাস্টোমাইজ করা রিক্রুটমেন্ট, এবং হিউমেন রিসোর্সের পরামর্শ সেবা। নিজেদের চাকরিকে তালিকায় যোগ করতে, সঠিক ক্যান্ডিডেট খুঁজে নিতে, নিয়োগ এবং ট্রেনিং ইন্সেন্টিভের অ্যাক্সেস দিতে, ব্যবসার ট্যাক্স ক্রেডিট পেতে, ওয়ান-অন-ওয়ান লেবার আইন এবং নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি মেনে চলার সেবার ব্যাপারে সাহায্য পেতে, এবং লেঅফ অ্যাভার্সন রিসোর্স পাওয়ার জন্য প্রতি বছর 25,000-এর বেশি ব্যবসা NYSDOL-এর সাথে কাজ করে। আরো তথ্যের জন্য, ভিজিট করুন: www.labor.ny.gov/business।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Department of Agriculture and Markets) নিউ ইয়র্কের কৃষি ইন্ডাস্ট্রিকে সমর্থন করে, যা প্রায় 32,000টি ফার্ম, 700টি ফার্মার্স মার্কেট এবং ফার্ম স্ট্যান্ড, এবং কয়েক হাজার ক্ষুদ্র কৃষি ব্যবসাকে উন্নত করে। ব্যবসার উন্নতি করে এবং প্রোডাক্টিভিটি, লাভ, এবং প্রতিযোগিতা বাড়ায় এমন অতি গুরুত্বপূর্ণ সেবা দেওয়ার মাধ্যমে ডিপার্টমেন্টটি ফার্ম এবং খাবার ও পানীয়ের ব্যবসাকে সমর্থন করে। এছাড়াও NYS Grown & Certified প্রোগ্রামের মতো উদ্যোগের মাধ্যমে তারা সরাসরি প্রচারণার সুযোগ দেয়, প্রোগ্রামটি নিরাপদ খাবার নিয়ে কাজ করা এবং পরিবেশের সাস্টেনিবিলিটি প্রোগ্রামগুলিতে অংশ নেওয়া স্থানীয় চাষী ও উৎপাদনকারীদের বাজারে নিয়ে আসে, তাদের বাজারে আরো ভালোভাবে প্রতিযোগিতা করতে দেয়।

পাশাপাশি, Taste NY প্রোগ্রামটি বড় পাবলিক ইভেন্টে এবং পুরো স্টেটের 70টির বেশি Taste NY লোকেশনে নিউ ইয়র্কের কৃষক এবং খাবার ও পানীয়ের ব্যবসাকে তুলে ধরে, এর মধ্যে স্টেটের ওয়েলকাম সেন্টারগুলি (Welcome Center) আছে, যেখানে নিউ ইয়র্কবাসীরা তাদের ছুটির কেনাকাটার তালিকার সবার জন্য কোনো না কোনো গিফট খুঁজে পাবে। এছাড়াও পুরো

স্টেটের Taste NY লোকেশনগুলিতে অনেক রকম গিফট আইটেম এবং গিফট সেট আছে যা ছুটির জন্য নিখুঁত। মার্কেটগুলি নিউ ইয়র্কের ফার্ম এবং ওয়েলকাম সেন্টারটি যেখানে অবস্থিত সেখানকার অনন্য খাবার ও পানীয়ের উৎপাদনকারীদের তৈরি করা এবং উৎপাদন করা স্থানীয় পণ্যে ভরা থাকে। স্থানীয়, গোর্মে খাবারের আইটেম এবং স্থানীয়ভাবে উৎপাদন করা ক্র্যাফট পানীয় থেকে শুরু করে নোভেলটি আইটেম এবং এমনকি গোসল ও সৌন্দর্য পণ্য পর্যন্ত অনেক আকার ও দামের গিফট পাওয়া যায় যা কাস্টোমাইজও করা যেতে পারে। কাস্টোমারেরা তাদের সবথেকে কাছের স্থানীয় Taste NY লোকেশনে গিয়ে তাদের বিশেষ পণ্য ও বিস্তারিত জানতে পারবে। আপনার স্থানীয় ওয়েলকাম সেন্টার এবং Taste NY মার্কেট খুঁজে নিতে Taste.NY.gov ভিজিট করুন।

অনলাইন মার্কেটপ্লেস, *Shop* TasteNY নিজের বাড়িতে বসেই সহজে নিউ ইয়র্কের কৃষি পণ্য ও গিফট কেনার সুযোগ দেয়। নতুনভাবে ঢেলে সাজানো *Shop*TasteNY.com-এ পুরো নিউ ইয়র্কের অনেক রকম পণ্য আছে, যেমন মধু ও জ্যাম থেকে শুরু ওরে ছাগলের দুধের সাবান, যা প্রত্যেক অঞ্চলের বিশেষ পণ্যকে তুলে ধরে। অংশগ্রহণ করা পার্টনার ও পণ্য রোটেট করে দেখানো হয় যাতে পণ্যের লাইন এবং আঞ্চলিক প্রতিনিধিত্বের ডাইভার্সিটি নিশ্চিত করা যায়। 29 নভেম্বরের ব্ল্যাক ফ্রাইডে (Black Friday) থেকে শুরু করে 2 ডিসেম্বরের সাইবার মানডে (Cyber Monday) পর্যন্ত, গ্রাহকেরা সকল পণ্যে 30 শতাংশ ছাড় পাবে। পাশাপাশি, 3 ডিসেম্বর থেকে 25 ডিসেম্বর পর্যন্ত কেনাকাটা করলে হ্যাপি হলিডেজ (Happy Holidays) প্রোমোশনের কারণে তারা কেনাকাটার উপর 25 শতাংশ ছাড় পাবে। খেয়াল করুন যে ক্রিসমাসের আগে ডেলিভারি পাওয়া নিশ্চিত করার জন্য 15 ডিসেম্বরের মধ্যে অর্ডার দিতে হবে। ক্রিসমাসের পর কেনাকাটা করলেও নিউ ইয়ার নিউ ভেন্ডার্স (New Year New Vendors) প্রোমোশনের কারণে 20 শতাংশ ছাড় পাওয়া যাবে, যা 27 ডিসেম্বর থেকে 4 জানুয়ারি, 2025 পর্যন্ত চলবে।

প্রতিদিন ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করার উপায়

- **স্থানীয় রিটেইলারদের বেছে নিন** - আপনার কমিউনিটির স্বাধীন মালিকানার দোকানে কেনাকাটা করুন। আপনার সমর্থন স্থানীয় চাকরি টিকিয়ে রাখতে সাহায্য করে এবং টাকাকে স্থানীয় অর্থনীতির মধ্যেই সচল রাখে।
- **স্থানীয়ভাবে অনলাইনে কেনাকাটা করুন** - এলাকার অনেক ব্যবসাতেই ইকমার্সের অপশন থাকে। আপনার স্থানীয় দোকানের ওয়েবসাইট আছে কিনা বা তারা স্থানীয় ডেলিভারি ও পিকআপের ব্যবস্থা করে এমন ডিজিটাল মার্কেটপ্লেসে অংশগ্রহণ করে কিনা তা চেক করুন।
- **গিফট কার্ড কিনুন** - স্থানীয় ব্যবসা, যেমন প্রিয় খাবারের দোকান, বুটিক, বা সেবা প্রদানকারীর থেকে গিফট কার্ড কিনলে তা তাদেরকে সেই সময়ে সাহায্য করে এবং ভবিষ্যতে আবার সেখানে যাওয়ার জন্য উৎসাহিত করে।
- **ফার্মার্স মার্কেট ঘুরে দেখুন** - ঠাণ্ডার মাসগুলিতেও বহু ফার্মার্স মার্কেট ঘরের ভেতরে চলতে থাকে, তারা অনন্য, স্থানীয়ভাবে তৈরি পণ্য বিক্রি করে। হাতে তৈরি পণ্য থেকে শুরু করে মৌসুমী খাবার পর্যন্ত, স্থানীয় উৎপাদনকারীদের সমর্থন করার এটি দারুন উপায়।

- **Taste NY-এ কেনাকাটা করুন -** পুরো স্টেটে Taste NY-এর ওয়েলকাম সেন্টারগুলিতে যাওয়ার মাধ্যমে বা *Shop*TasteNY.com ভিজিট করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের কৃষক, উৎপাদনকারী, আর্টিসান, এবং হাতে পণ্য তৈরি করা মানুষদের সমর্থন করুন। বিশেষভাবে তৈরি করা ছুটির গিফট বাস্কেট এবং অনন্য নিউ ইয়র্কে তৈরি পণ্য দেখুন যা স্থানীয় ব্যবসাগুলির সেরা সব পণ্যকে তুলে ধরে।
- **স্থানীয় খাবার খান** - এলাকার রেস্টুরেন্ট এবং ক্যাফেতে যান বা সেখান থেকে টেকআউট অর্ডার করুন। আপনার সমর্থন এই দোকানগুলিকে এবং এর চাকরিগুলিকে টিকে থাকতে সাহায্য করে।
- **এগুলির ব্যাপারে সবাইকে জানান** - সোশ্যাল মিডিয়া এবং রিভিউ প্ল্যাটফর্মে স্থানীয় ব্যবসার সাথে আপনার পজিটিভ অভিজ্ঞতা শেয়ার করুন। যেসব ক্ষুদ্র ব্যবসা নিজেদের কাস্টোমারের সংখ্যা বাড়াতে চায় তাদের জন্য ব্যক্তিগত রেকমেন্ডেশন অমূল্য।
- **স্টোর ক্রেডিট বেছে নিন** - আপনার যদি কোনো পণ্য ফেরত দিতে হয়, তাহলে রিফান্ড না নিয়ে স্টোর ক্রেডিট নেওয়ার কথা ভাবুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন